

তথ্যবিবরণী

নম্বর-১০৭

ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ করতে বিভাগীয় প্রশাসনের মতবিনিময়

ময়মনসিংহ, (সোমবার, ০৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.)

সারা বাংলাদেশের মানুষের ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনে নজর থাকবে। তাই জাতীয় নির্বাচনের মত ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনও অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ করতে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় জানানো হয় যেহেতু এটি একটি স্থানীয় নির্বাচন সেক্ষেত্রে বহুমাত্রিক জটিলতা আছে। বিভাগীয় প্রশাসন এই বহুমাত্রিক সমস্যা সমাধানের পথ বের করে ময়মনসিংহ বিভাগ আবারও জাতিকে একটি সুষ্ঠু নির্বাচন উপহার দিতে যাচ্ছে। জাতীয় নির্বাচনের চেয়েও এই নির্বাচন একটি প্রতিদ্বন্দ্বিতা পূর্ণ নির্বাচন হবে। তাই সহিংসতা নিরসনে ও নির্বাচন আচরণবিধি মানতে প্রশাসন ও আইন-শৃঙ্খলার সব বাহিনীকে একযোগে কাজ করার বিষয়ে আলোচনা হয়। ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন ২০২৪ উপলক্ষে ইভিএম এর মাধ্যমে নির্বাচন সুষ্ঠু শান্তিপূর্ণভাবে অনুষ্ঠান ও আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ বিষয়ক বিশেষ সভার সভাপতিত্ব করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া।

সোমবার (৫ ফেব্রুয়ারি) সকালে ময়মনসিংহ আঞ্চলিক নির্বাচন অফিসের আয়োজনে ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন-২০২৪ উপলক্ষে ইভিএম এর মাধ্যমে নির্বাচন সুষ্ঠু শান্তিপূর্ণভাবে অনুষ্ঠান ও আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ বিষয়ক বিশেষ সভা বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

বিভাগীয় কমিশনার সভায় জানান, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যেহেতু ভোট কেন্দ্রগুলো হবে। তাই শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ওয়াশরুম ও খাবার পানির ব্যবস্থাসহ সার্বিক পরিবেশ সুন্দর করার দিকনির্দেশনা দিয়েছেন। ইভিএম পদ্ধতিতে ভোট হবে বিধায় বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে নির্দেশনা দিয়েছেন যে নির্বাচনকালীন সময়ে যাতে কোন ধরনের বিদ্যুৎ বিভ্রান্তের সৃষ্টি না হয়। এছাড়াও ইভিএম পদ্ধতি ব্যবহারের নিয়মসমূহ স্থানীয় পত্রিকা ও ক্যাবলে প্রচারের নির্দেশনা দিয়েছেন।

সভায় উপস্থিত ছিলেন ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি মোঃ শাহ আবিদ হোসেন, আনসার ও ভিডিপিও উপ মহাপরিদর্শক ড. মোহাম্মদ সাইফুর রহমান, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী, জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, পুলিশ সুপার মাসুম আহাম্মদ ভূঞা এনএসআইয়ের অতিরিক্ত পরিচালক সুফিয়া বেগম, ময়মনসিংহ বিভাগ এলজিইডির অতিরিক্ত প্রধান প্রকৌশলী জে এম আজাদ হোসেন, পরিবার পরিকল্পনার পরিচালক আব্দুল লতিফ মোল্লা, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সচিব মোঃ আরিছুর রহমান, ময়মনসিংহ র‍্যাব ১৪ এর অধিনায়ক মোহাম্মদ মহিবুল ইসলাম, জেলা নির্বাচন অফিসার শফিকুল ইসলাম, ময়মনসিংহ বিভাগের পরিচালক (স্বাস্থ্য) ডাক্তার প্রদীপ কুমার সাহা, ডিজিএফআইয়ের উপপরিচালক মোঃ আসাদুল ইসলাম, ময়মনসিংহ সড়ক ও জনপদ অধিদপ্তরের উপবিভাগীয় প্রকৌশলী মোঃ খলিলুর রহমান, যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক মোঃ হারুনুর রশিদ, ময়মনসিংহ অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত) সালমা আক্তার, বিভাগীয় সমাজসেবা অধিদপ্তরের পরিচালক মোহাম্মদ গোলাম মোস্তফা সহ বিভিন্ন দপ্তর প্রধানের প্রতিনিধিগণ। ময়মনসিংহ সিটি কর্পোরেশন-২০২৪ এর নির্বাচন রিটার্নিং কর্মকর্তা মোহাম্মদ বেলায়েত হোসেন চৌধুরী এবং সহকারি রিটার্নিং কর্মকর্তা

সৈয়দা শারমিন সুলতানা, শফিকুল ইসলাম, শেখ মোহাম্মদ হাবিবুর রহমান, উত্তম কুমার রায়, মোহাম্মদ ফারুক মিয়া, রাজিবুল করিম মো: বেলাল হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে ইভিএম এর মাধ্যমে ৯ মার্চ ২০২৪ নির্বাচন অনুষ্ঠিত হবে।

ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনের সম্ভাব্য মোট ভোটার সংখ্যা ৩ লক্ষ ৩৬ হাজার ৪৯৬ জন। এরমধ্যে পুরুষ ভোটার সংখ্যা ১ লক্ষ ৬৩ হাজার ৮৩২ এবং নারী ভোটার সংখ্যা ১ লক্ষ ৭২ হাজার ৬৫৫ জন। হিজড়া ভোটার রয়েছেন ৯ জন। সম্ভাব্য ভোটকেন্দ্রের সংখ্যা ১২৮ এবং ভোট কক্ষের সংখ্যা ৯৯০ টি। সংরক্ষিত ওয়ার্ডের সংখ্যা ১১ টি এবং সাধারণ ওয়ার্ড এর সংখ্যা ৩৩ টি।

উল্লেখ্য যে একই তারিখে ময়মনসিংহের ত্রিশাল উপজেলায় পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হবে।

#

হদা/মনির/দেওয়ান/রিদওয়ান/রেজভী / ২০২৪/১৪:৩০ঘন্টা